বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কর্মচারী পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭, ব্লক-এফ ও এইচ)
৭২, গ্রীনরোড, ঢাকা
ফোন ঃ ৮৮০২২২২২৩০১৩৮-৪৩
ই-মেইলঃ dir.personnel@bwdb.gov.bd

Bangladesh Water Development Board
Directorate of Personnel
PANI BHABAN (7th Floor, Block-F & H)
72, GreenRoad, Dhaka
Phone: 8802222230138-43
E-mail- dir.personnel@bwdb.gov.bd

স্মারক নং-১১৮-পাউবো(কপ)/বি-৩/শা-১/অ-০৮/২০১৮ তারিখ ঃ ১৫ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাকুরিতে পুনর্বিবেচনা করার আবেদন প্রসঙ্গে।

সূত্রঃ পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.৯৯.২১০.১৯-৪০২; তারিখঃ ২৩/১২/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ মনিরুজ্জামান ঢাকা পওর বিভাগ-১ এর অধীন মুন্সিগঞ্জ পওর উপ-বিভাগের সাবেক ডিইও গত ১৫/১০/২০১৬ খ্রিঃ তারিখ হতে ০১/১০/২০১৯ খ্রিঃ পর্যন্ত ০২ বছর ১১ মাস ১৬ দিন কর্মস্থলে বিনা অনুমতিতে অনুপস্থিত ছিলেন। উক্ত অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করার জন্য সংশ্লিষ্ট উপ- বিভাগীয় প্রকৌশলী পত্র প্রদান করলেও আপনি কোন জবাব প্রদান করেননি এবং কোন প্রকার যোগাযোগ রক্ষা করেননি (সংযুক্তি-১-৩)। পরবর্তী সময়ে ঢাকা পওর বিভাগ-১ এর স্মারক নং-১৭৮৯ তারিখ ঃ ১৭/১০/২০১৬ খ্রিঃ (সংযুক্তি-৪) এর প্রেরিত পত্রের জবাবে জানিয়েছিলেন যে, আপনি জন্ডিসে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় পূর্ণ বিশ্রামে আছেন (সংযুক্তি-৫)। কিন্তু কোন মেডিকেল সনদ প্রদান করেননি এবং পরবর্তী সময়ে কোন যোগাযোগও করেননি। আপনি বোর্ডের চাকুরীতে ১৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখে যোগদান করেন। আপনার চাকুরী স্থায়ীকরণ করা হয়নি অর্থাৎ আপনি শিক্ষানবিশ ছিলেন।

২। এখানে উল্লেখ্য, বাপাউবো (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা' ২০১৩ এর প্রবিধান ২(১৩)(ই) মোতাবেক পলায়ন অর্থ "অনুমতিসহ কর্তব্যে অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত মেয়াদের পর ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃ অনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা এবং প্রবিধান ১১(২) (খ) মোতাবেক শিক্ষানবিশ এর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করে যে, "শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে "(সংযুক্তি-৬-৬/১) এবং মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তরের স্মারক নং-৯১২; তারিখ ঃ ১৪/০৮/২০১৬ খ্রিঃ মোতাবেক নিয়োগ আদেশের শর্ত নং (ড) এ উল্লেখ্য আছে যে, "শিক্ষানবিশ এর সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকুরীচ্যুত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে" (সংযুক্তি-৭) এই শর্তে আপনাকে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ১৫/১০/২০১৬ খ্রিঃ তারিখ থেকে চাকুরীর অবসান ঘটানো হয় (সংযুক্তি-৮)।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে আপনি যেহেতু দীর্ঘদিন যাবৎ (অনুমোদিত মেয়াদের পর ৬০ দিনের বেশী সময়) চাকুরীতে অনুপস্থিত ছিলেন এবং কোন যোগাযোগ করেননি, সেহেতু প্রবিধানমালা'২০১৩ এ উল্লিখিত ধারাদ্বয় এবং চাকুরীর নিয়োগ পত্রের শর্তানুযায়ী আপনাকে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ১৫/১০/২০১৬ খ্রিঃ তারিখ থেকে চাকুরীর অবসান ঘটানো হয়। সুতরাং, আপনার আবেদনের প্রেক্ষিতে চাকুরীতে পুনর্বহাল করার সুযোগ নেই। বিষয়টি আপনার অবগতির জন্য জানানো হলো।

৪। এতে বোর্ডের মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৮/০৪/২২

মোঃ আবদুল মতিন
পরিচিতি নং-৬৮০৯১০০০১
উপ পরিচালক, বিভাগ-৩
matinbwdb84@gmail.com

জনাব মোঃ মনিরুজ্জামান
সাবেক অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর
মুন্সীগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ।

স্মারক নং-১১৮/১(২০)-পাউবো(কপ)/বি-৩/শা-১/অ-০৮/২০১৮ তারিখঃ ১৫ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
২৮ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। প্রধান প্রকৌশলী/প্রধান, ........................., বাপাউবো, ..................।
০২। সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
০৩। পরিচালক, হিসাবরক্ষণ/অর্থ/প্রশিক্ষণ/শৃংঙ্খলা/সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
০৫। সিএসও-টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৭। উপপরিচালক/সহকারী পরিচালক (অহিনি),............ আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো,............।
০৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
০৯। ব্যক্তিগত সহকারী, পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১০। জনাব মোঃ মনিরুজ্জামান, সাবেক অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর, মুন্সীগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, মুন্সীগঞ্জ।
১১। দপ্তর কপি/মাস্টার কপি।

Imran 28/04/22

(মোঃ ইমরান হোসেন)
সহকারী পরিচালক
কর্মচারী পরিদপ্তর, বিভাগ-৩
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ০৯৪ * তারিখঃ ৯/৫/22
প্রোগ্রামার ১/২ * জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ * প্রয়োজনীয় ব্যবস্থা নিন
হার্ডওয়্যার প্রকৌশলী * নথিতে পেশ করুন
অফিস সহকারী * দেখিয়ে রাখুন
০৯/০৫/২০২২ * [illegible]
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা